

ার্ট্রি মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪২৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৬. প্রথম অনুচ্ছেদ - ভয়কালীন সালাত

بَابُ صَلَاةِ الْخَوْف

আরবী

وَعَن جَابِر قَالَ: صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْخَوْفِ فَصَفَقْنَا خَلْفَهُ صَفَّيْنِ وَالْعَدُوُ بَيْنَنَا وَبَيْنَ الْقِبْلَةِ فَكَبَّرَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَبَّرْنَا جَمِيعًا ثُمَّ رَكَعَ وَرَكَعْنَا جَمِيعًا ثُمَّ انْحَدَرَ بِالسُّجُودِ وَالصَّفُ وَرَكَعْنَا جَمِيعًا ثُمَّ انْحَدَرَ بِالسُّجُودِ وَالصَّفُ الْمُؤَخَّرُ فِي نَحْرِ الْعَدُوقِ فَلَمَّا قَضَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ السُّجُودَ وَقَامَ الصَّفُ الْمُؤَخَّرُ فِي نَحْرِ الْعَدُوقِ فَلَمَّا قَضَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ السَّجُودَ وَقَامَ الصَّفُ الَّذِي يَلِيهِ انْحَدَرَ الصَّفُّ الْمُؤَخَّرُ بِالسُّجُودِ وَالصَّفُ الْمُؤَخَّرُ وَتَأْخَرَ الْمُؤَخَّرُ وَتَأْخَوا الْمَوْخَوْرُ وَيَالَمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَاكُونَ وَوَقَامَ الصَّفُ الْمُؤَخَّرُ الْمِلْ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالصَّفُ الْذَي يَلِيهِ انْحَدَرَ الصَقَفُ الْمُؤَخَّرُ بِالسُّجُودِ فَسَجَدُوا ثُمَّ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَلَّمَ وَسَلَّمَ وَسَلَّمَ وَسَلَّمَ وَسَلَّمَ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَلَّمَ وَسَلَّمَ وَسَلَّمَ وَسَلَّمَ وَسَلَّمَ وَسَلَّمَ وَسَلَّمَ وَالْمَوْخَوْرُ الْمَوْتَ فَلَمَا وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسُلَمَ اللَّهُ عَلَيْهِ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ اللَّهُ عَلَيْ

বাংলা

১৪২৩-[৪] জাবির (রাঃ) হতে এ হাদীসটিও বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে নিয়ে 'সালাতুল খাওফ' আদায় করলেন। আমরা তাঁর পেঁছনে দু'টি সারি বানালাম। শত্রুপক্ষ তখন আমাদের ও কিবলা (কিবলা/কেবলা)র মাঝখানে ছিল। তাই নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাকবীরে তাহরীমা বাঁধলেন। আমরা তার সাথে তাকবীরে তাহরীমা বাঁধলাম। এরপর তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) রুকু' করলেন। আমরাও তাঁর সাথে রুকু' করলাম। অতঃপর তিনি রুকু' হতে মাথা উঠালেন। আমরাও মাথা উঠালাম। তারপর তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) ও যে সারি তাঁর নিকটবর্তী ছিল, তারা সাজদায় চলে গেলেন। আর পেছনের সারি শক্রর মুকাবিলায় দাঁড়িয়ে রইল। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম সিজদা্ (সিজদা/সেজদা) শেষ করলে তাঁর নিকটবর্তী সারি সিজদা্ হতে উঠে দাঁড়ালে পেছনের সারি সাজদায় গেল।



তারপর তারা উঠে দাঁড়াল। এরপর পেছনের সারি সামনে আসলো। সামনের সারি পেছনে সরে গেল। এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রুকু' করলেন। আমরা সবাই তাঁর সাথে রুকু' করলাম। অতঃপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) রুকু' হতে মাথা উঠালেন। আমরা সবাই মাথা উঠালাম। এরপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ও তাঁর নিকটবর্তী সারি অর্থাৎ প্রথম রাক্'আতে যারা পেছনে ছিল সাজদায় গেলেন। আর পরবর্তী সারি শক্রর মুকাবিলায় দাঁড়িয়ে রইলেন। যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর নিকটবর্তী সারি সিজদা্ শেষ করলে পরবর্তী সারি সাজদায় গেলেন। এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাম ফিরালেন। আমরা সবাই সালাম ফিরালাম। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৮৪০, আহমাদ ১৪৪৩৬, সুনানুল কুবরা লিল বায়হাকী ৫৬৩১, শারহুস্ সুনাহ্ ১০৯৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (هَصَفَفْنَا خَلْفَهُ صَفَيْنِ وَالْعَدُوُ بَيْنَنَا وَبَيْنَ الْقِبْلَةِ) আমরা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পেছনে দু'টি ছফ করলাম। শক্ররা তখন আমাদের এবং কিবলার মধ্যস্থলে ছিল। মুসলিমরা কাদের সাথে যুদ্ধ করেছেন তা আবৃ আইয়াগ এর হাদীস তা সুস্পষ্ট করে দিয়েছে যা আহমাদ, আবৃ দাউদ, নাসায়ী, বায়হাকী ও ইবনু হিবানে এসেছে। তিনি বলেন, আমরা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে জুহায়নাহ্ জাতির বিরুদ্ধে যুদ্ধ করছিলাম তারা আমাদের সাথে প্রচন্ড যুদ্ধ করছিল। যখন যুহরের সালাত (সালাত/নামায/নামাজ) পড়ছিলাম মুশরিকরা বলছিল, এ অবস্থায় যদি তাদেরকে (মুসলিমদেরকে) আক্রমণ করি তাহলে আমরা তাদেরকে কেটে টুকরা টুকরা করতে পারব তখন জিবরীল (আঃ) রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সংবাদ দিলেন আর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-ও আমাদেরকে এটা জানালেন। রাবী বলেন, সাহাবীরা জবাব দিলেন তাদের সামনে সালাত আসবে আর এটা তাদের সন্তানের চেয়েও বেশি প্রিয় যখন 'আসরের সালাত উপস্থিত হল। আমরা দু'সারিতে সারিবদ্ধ হলাম মুশরিকরা আমাদের ও কিবলার মধ্যখানে।

হাদীস প্রমাণ করে শক্র যদি কিবলার দিকে অবস্থান করে তাহলে সকলেই সালাতে অংশগ্রহণ করেও তাদের বিরুদ্ধে প্রটোকল বা পাহারা দিতে পারবে। তবে সমস্যা হচ্ছে শুধুমাত্র সিজদানত অবস্থায় রুকু'তে না এমতাবস্থায়ও শক্রর বিপক্ষে পাহারা দেয়া যায়, ফলে সকলেই কিয়াম (কিয়াম) ও রুকু'তে ইমামের অনুসরণ করে আর প্রথম দু' সাজদাতে পেছনের সারি পাহারারত থাকে ইমামের অনুসরণ ছেড়ে দিয়ে অতঃপর প্রথম সারি দাঁড়ানো অবস্থায় তারা সিজদা (সিজদা/সেজদা) দেয় আর পেছনের সারি প্রথম সারির স্থানে চলে আসে আর প্রথম সারি দ্বিতীয় সারির স্থানে চলে আসে যাতে করে পিছনের সারি ইমামের অনুসরণ করে শেষ দু' সাজদায়। এভাবে প্রত্যেক দু' দলই দু' সিজদা দিয়ে ইমামের অনুসরণ করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন